

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৫২.২০১২- ২০৬০

তারিখঃ

১৫.১১.২০১২ খ্রিস্টাব্দ

আদেশ

যেহেতু ডাঃ মোহাম্মদ আলী আযম (২০২৭৬৭), মেডিকেল অফিসার, ছাতিয়ান উপস্বাস্থ্য কেন্দ্র, মাধবপুর, হবিগঞ্জ গত ০২.১০.২০০৩ হতে ৩০.০৯.২০০৮ তারিখ পর্যন্ত অসাধারণ ছুটির আবেদন করে কর্মস্থল ত্যাগ করে পরবর্তীতে কর্মস্থলে যোগদান না করে গত ০১.১০.২০০৩ তারিখ হতে অদ্যাবধি বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন;

যেহেতু, তাঁর সরকারী চাকুরীতে অনুপস্থিতকাল ০৫(পাঁচ) বছরের অধিক হওয়ায় বিএসআর (পার্ট-১)-এর ৩৪ বিধি মোতাবেক তাঁর চাকুরি আপনা আপনি অবসান ঘটেছে;

যেহেতু, বিএসআর (পার্ট-১) এর বিধি-৩৪ মোতাবেক তাঁর চাকুরি অবসান ঘটানোর আদেশ কেন জারি করা হবে না মর্মে তাকে কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেননি;


যেহেতু, তাঁর চাকুরি অবসান ঘটানোর আদেশ জারির প্রস্তাব মহামান্য রাষ্ট্রপতি সদয় অনুমোদন করেছেন ;

এখানে সেহেতু, বিএসআর (পার্ট-১) এর বিধি-৩৪ মোতাবেক ডাঃ মোহাম্মদ আলী আযম (২০২৭৬৭), মেডিকেল অফিসার, ছাতিয়ান উপস্বাস্থ্য কেন্দ্র, মাধবপুর, হবিগঞ্জ এর চাকুরি অবসান (Ceased) করা হলো।

ডাঃ মোহাম্মদ আলী আযম (২০২৭৬৭), মেডিকেল অফিসার, ছাতিয়ান উপস্বাস্থ্য কেন্দ্র, মাধবপুর, হবিগঞ্জ এর কর্মস্থলে অনুপস্থিতির তারিখ ০১.১০.২০০৩ হতে এ আদেশ কার্যকর হবে।

এ আদেশ জনস্বার্থে জারী করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে


(মুহম্মদ হুমায়ুন কবির) ১৫/১১/১২
সিনিয়র সচিব

উপ-নিয়ন্ত্রক

বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস

তেজগাঁও, ঢাকা

নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.০৫২.২০১২- ২০৬০/১ (৬)


তারিখঃ

০৭.১৪১৯ বঙ্গাব্দ

১৫.১১.২০১২ খ্রিস্টাব্দ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

- ১। মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (আদেশটি অভিযুক্তের স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হলো)
- ২। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (বিষয়টি কম্পিউটারে সংরক্ষণ করে রাখার জন্য অনুরোধ করা হলো)
- ৩। উপ-সচিব (পার-৩ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৪। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা
- ৫। সিভিল সার্জন, হবিগঞ্জ
- ৬। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, হবিগঞ্জ
- ৭। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (আদেশটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)
- ৮। ডাঃ মোহাম্মদ আলী আযম (২০২৭৬৭), মেডিকেল অফিসার, ছাতিয়ান উপস্বাস্থ্য কেন্দ্র, মাধবপুর, হবিগঞ্জ (স্থায়ী ঠিকানাঃ- পিতা-মৃত মর্তুজা আলী, গ্রাম+পোস্ট-ছাতিয়াইন, উপজেলা-মাধবপুর, জেলা-হবিগঞ্জ)


(মোঃ সাইদুর রহমান)
সিনিয়র সহকারী সচিব

ফোনঃ ৯৫৪০২৫২

sasdisc1@mohfw.gov.bd